

জাতীয়

পাহাড়ি ঢল আর ভারি বৃষ্টিতে প্লাবিত হতে পারে ১৪ জেলা

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



পাহাড়ি ঢল আর ভারি বৃষ্টির কারণে দেশের বিভিন্ন নদ-নদীর পানি বৃদ্ধি পেয়েছে এবং কিছু কিছু নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে। এতে করে দেশের ১৪ জেলার নিম্নাঞ্চল প্লাবিত হয়ে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

বৃহস্পতিবার (২৩ জুলাই) পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র এ তথ্য জানিয়েছে।

যেসব জেলার নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে সেগুলো হলো: কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, লালমনিরহাট, নীলফামারি, রংপুর, বান্দরবান, কক্সবাজার, চট্টগ্রাম, নওগাঁ ও নাটোর।

সতর্কীকরণ কেন্দ্র জানায়, গত ২৪ ঘণ্টায় আত্রাই ও ছোট যমুনা নদীর পানি বৃদ্ধি পেয়েছে এবং আগামী ৪৮ ঘণ্টায় আত্রাই নদীর কিছু স্থানে পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে। এতে করে নওগাঁ জেলার নিম্নাঞ্চল বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

এছাড়া আগামী ২৪ ঘণ্টায় ছোট যমুনা নওগাঁ ও আত্রাই নদীর নাটোর ও সিরাজগঞ্জ জেলার কিছু স্থানে সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এতে নাটোর ও সিরাজগঞ্জের নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।

আগামী ২৪ ঘণ্টায় বান্দরবান, কক্সবাজার, ও চট্টগ্রাম জেলার সাঙ্গু, মাতামুহরী নদীর কিছু স্থানে সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এবং নদী সংলগ্ন নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।

আগামী ৪৮ ঘণ্টায় লালমনিরহাট, নীলফামারি, রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলার কিছু স্থানে নদীর পানি সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এতে করে নদী সংলগ্ন নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।

এছাড়াও আগামী ৪৮ ঘণ্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদী কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ ও টাঙ্গাইল জেলার কিছু কিছু স্থানে সতর্কসীমায় প্রবাহিত হতে পারে। এতে করে ওই সব জেলার নদী সংলগ্ন নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেকিটি ফাউন্ডেশনের মাস...



বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ বিদ্রোহকেন্দ্রে হুথিদের ড্রোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। রোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/pahari-dhl-ar-bhari-brishtite-plabit-hte-pare-14-jela>